

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২৮ ফেব্রুয়ারি, ২০২৩।

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৮/০২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব উমেয়া  
সালিক রুমাইয়া এর নেতৃত্বে টাঙ্গাইলের "জয়কালী মিষ্টান্ন ভাড়ার" এ মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এসময় প্রতিষ্ঠানটি  
তাদের ফায়ার লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ, পেস্ট কন্ট্রোল এর কাগজ, পানি পরীক্ষার প্রয়োজনীয় কাগজগুলি এবং আরও  
বেশকিছু প্রয়োজনীয় কাগজ প্রদর্শনে ব্যর্থ হয়। প্রতিষ্ঠানটির ভিতরের পরিবেশ অত্যন্ত অস্বাস্থ্যকর অবস্থায় পাওয়া যায় এবং প্রচুর  
পরিমাণে লেভেলবিহীন পন্য পাওয়া যায়, একইসাথে সবধরনের মিষ্টান্ন খোলা অবস্থায় রাখতে দেখা যায়। এখানে অপ্রাপ্তবয়স্ক  
কর্মচারীদের দিয়ে কাজ করাতে দেখা যায়। এ সকল অপরাধের জন্য নিরাপদ খাদ্য আইন অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ১ (এক) লক্ষ টাকা  
জরিমানা করা হয় এবং তৎক্ষনিকভাবে তা আদায় করা হয়। লেবেলবিহীন ঘী বিক্রয় করতে দেখা যাওয়ায় জয়কালী মিষ্টান্ন ভাড়ার  
এর ম্যানেজার জন্ম তালিকায় সিগনেচার করার পরেও প্রতিষ্ঠানটির মালিক ল্যাবে পরীক্ষা করার জন্য নেয়া স্যাম্পল ঘী আনতে বাঁধা  
দিয়ে মোবাইল কোর্ট টিমকে অসহযোগিতা করায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অনুযায়ী নমুনা সংগ্রহে বাঁধা প্রদানের জন্য নিয়মিত  
মামলা করার নির্দেশ প্রদান করা হয়।

অভিযান পরিচালনাকালে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি  
অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য বুঁকি এজ্যাতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং  
নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য অফিসার জনাব মির্জা শাহরান হোসাইন, নিরাপদ খাদ্য পরিদর্শক  
জনাব মো: নাজিম উদ্দিন এবং বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং টাঙ্গাইল জেলা পুলিশ সদস্যবৃন্দের একটি  
চৌকস টিম উপস্থিত ছিলেন।

(ড. সহদেব চন্দ্র সাহা)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ২২২২২৩৪৮১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।